

পাতাবাহার

দর্পস্বচ্ছ অন্তরীক্ষ বিশালতায়
তোমার মায়াবী হৃদয়
ক্যানভাস ভেবে
এঁটেছি তিন পায়ী স্ট্যান্ড।
আকাশ থেকে নিয়েছি নীল
প্রকৃতি থেকে সবুজ
আর শস্য থেকে পীত
সাগর জলে মিলিয়ে ‘জলরং’।

হাতে রাখা রঙতুলি দিয়ে
মনের মাধুরী মিশিয়ে
এঁকেছি ভালবাসার ফুল,
সম্পৃক্ত করে আপন বক্ষে
চিরঞ্জীব সৌরভ প্রত্যাশায়
প্রাপ্তি এক অসার পাতাবাহার।

জল পড়ে ধোঁয়া উড়ে

তীব্রতায় আদিত্য রশ্মি
তুষানল তপ্ত
অদম্য দহনে ভূপৃষ্ঠ
জল পড়ে ধোঁয়া উড়ে
মরুভূমির বালুচরে।

কখনোবা কিঞ্চিৎ বৃষ্টি
প্রকৃতির কার্পন্য দৃষ্টি

বেদনায় যেন একফোঁটা সুখ
জল পড়ে ধোঁয়া উড়ে
মরুভূমির বালুচরে।

প্রেমতৃষ্ণায় দুলছে মন
তপ্ত মরুর মত তৃষিত জীবন
প্রতিটি ক্ষন ব্যথিত বেদন
জল পড়ে ধোঁয়া উড়ে
মরুভূমির বালুচরে।

আইয়ুব আহমেদ দুলাল
সোঁদি আরব।

E-mail:- ayubalibd@hotmail.com

